গাংনীতে ব্যবসায়ীর নিকট থেকে জরিমানা আদায়

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে প্লাষ্টিকের বস্তা ব্যবহার করার দায়ে শহিদুল ইসলাম নামের এক ব্যবসায়ীর নিকট থেকে জরিমানা আদায় করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকালে দিকে মেহেরপুরের গাংনী উপজেলার বানিয়াপুকুর গ্রামে এ অভিযান চালানো হয়।
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট সুজন কুমার দাস গুপ্তের নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত বানিয়াপুকুর গ্রামে শহিদুল ইসলামের চাতালে অভিযান চালায়।

এসময় চটের বস্তার পরিবর্তে প্লাষ্টিকের বস্তা ব্যবহার করায় পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতা মূলক ব্যবহার আইন ২০১০ অনুযায়ী (২০১০ এর ৫৩ আইন) ৪ নং ধারা লংঘন এবং উক্ত আইনের ১৪ ধারাই ৫শ টাকা জরিমানা আদায় করা হয়।

এ সময় জেলা পাট পরিদর্শক মহসিন শিক্ষক সেখানে উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে জেলা প্রশাসকের সাথে কিন্ডার এসোসিয়েশনের মত বিনিময়

মেহেরপুরের জেলা প্রশাসক মো: আতাউল গণি বলেছেন ব্যাঙের ছাতার মত যত্রতত্র শিক্ষা প্রতিষ্ঠান করতে দেওয়া যাবে না।

তিনি বলেন, মেহেরপুরে শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে হবে।

জেলা প্রশাসক মো: আতাউল গনি গতকাল মঙ্গলবার বিকেলে তার কক্ষে বাংলাদেশ কিন্ডার গার্টেন এসোসিয়েশন মেহেরপুর জেলা শাখার নেতৃবৃন্দের সাথে মতবিনিময় কালে একথা বলেন।

এসব জেলা কিন্ডার গার্টেন এসোসিয়েশনের সাধারণ সম্পাদক আফতাব আলী খান, সহ সভাপতি শামসুজ্জামান শামীম, জানে আলম, ফজলুল হক মন্টু প্রমুখ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে বামনপাড়া সবুজ সংঘ জয়ী

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে মেহেরপুর সদর উপজেলার বামনপাড়া সবুজ সংঘ একাদশ জয় লাভ করেছে।

গতকাল মঙ্গলবার বিকেলে অনুষ্ঠিত খেলায় বামনপাড়া সবুজ সংঘ একাদশ ৮-৪ গোল ফাহাদ স্পোর্টিং ক্লাবকে পরাজিত করে।

খেলায় বিজয়ী দলের পক্ষে আরিফুল ২টি, মাহফুজ ২টি, রাজু ২ টি বাপ্পি ১টি ও নয়ন ১টি গোল করেন।

ফাহাদ স্পোর্টিং এর পক্ষে নাঈম তিনটি সবুজ একটি গোল করেন। খেলাটি পরিচালনা করেন কামাল হোসেন মিন্টু, ফারা হোসেন লিটন, তাদের সহযোগিতা করেন আব্দুল কুদ্দুস।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের জয়িতা নির্বাচনের লক্ষে প্রস্তুতি সভা

মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে ২০১৯ সালের জন্য জয়িতা নির্বাচনের লক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেলে থেকে মেহেরপুর জেলা প্রশাসকের কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
জেলা প্রশাসক মো: আতাউল গনি সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক এস এম শফিউল আজম।

অন্যদের মধ্যে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফজলে রহমান, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী ফজলে রাব্বি, সমাজসেবা কর্মকর্তা হুমায়ুন কবির, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা আক্তার, তাজুল ইসলাম, সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন্নেছা লতা প্রমুখ

- নিজস্ব প্রতিনিধি

একজন মাকে বাঁচাতে মানবতার হাত বাড়িয়ে দিন

ডায়াবেটিস রোগে আক্রান্ত মেহেরপুর মল্লিক পাড়ার মৃত আব্দুর রহমানের স্ত্রী আসমা রহমানের দুইপায়ে ক্ষতের সৃষ্টি হয়েছে। সেই ক্ষতের যন্ত্রণায় কাতরাচ্ছেন তিনি। যন্ত্রণায় কাতর মায়ের মুখে হাসি ফোটাতে চাই মেয়ে আয়েশা আক্তার নিপা।

সম্প্রতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১১তম সমাবর্তন থেকে রাষ্ট্রপতির হাত থেকে পাওয়া সর্বচ্চ শিক্ষার সনদ তার মাকে উৎসর্গ করেছেন। একই সঙ্গে মায়ের চিকিৎসার জন্য সকলের সহযোগিতা কামনা

করেছেন।

বাবা হারা মেয়ে মাকে সুস্থ্য করে তোলার জন্য প্রাণপন চেষ্টা করছেন। আমার আপনার সকলের সহযোগিতায় একজন মা সুস্থ্য হয়ে সকলের মুখে হাসি ফোটাতে পারবেন।

আয়েশা আক্তার নিপা জানান, ৫ বছর আগে তার বাবা মারা গেছেন। বাবা মারা যাওয়ার পর পরিবারের হাল ধরা ও মায়ের চিকিৎসার জন্য আর্থিক সংকটে পড়েন তারা। তার মাকে সুস্থ্য করে তুলতে অনেক টাকার প্রয়োজন বলে জানিয়েছেন চিকিৎসক।

আপনারা সহযোগিতা করতে চাইলে, বিকাশ নং-০১৯৩৭৪৪৩৯৮৪ (পারসোনাল), ০১৮৬৭০৫৪৪৯০ এবং আয়েশা আক্তার নিপার নামে উত্তরা ব্যাংক মেহেরপুর শাখায় একটি হিসাব খোলা আছে যার নং-৩১০৩১১১০০১১৭৯০৬

- নিজস্ব প্রতিনিধি

আওয়ামীলীগের জাতীয় সম্মেলনকে সফল করতে মেহেরপুরে শোভাযাত্রা

২১ তারিখের আওয়ামীলীগের জাতীয় সম্মেলনকে সফল করার উদ্দেশ্যে অ্যাড.জুয়েলের নেতৃত্বে শোভাযাত্রা বের করা হয়েছে।

শোভাযাত্রাটি মেহেরপুর বড়বাজার থেকে শুরু করে প্রধান সড়ক প্রদক্ষিণ করে মেহেরপুর প্রেসক্লাবের সামনে এসে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত আকারে পথসভা করা হয়।

সভায় বক্তব্য দেন জেলা আওয়ামী লীগের সদস্য অ্যাড.জুয়েল, সাবেক শহর ছাত্রলীগের সাধারণ সম্পাদক এম এ মতিন শামীম, ছাত্রলীগ নেতা জোয়ানী খন্দকার, পাপ্পু, শাহীন রেজা। এ সময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগ, ছাত্রলীগ সহ অঙ্গসংগঠনের নেতারা।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে কৃষক বাছাইয়ে অনিয়ম: তোপের মুখে কৃষি অফিসার

মেহেরপুরের গাংনীতে সরকারি ভাবে আমন ধান ক্রয়ের লক্ষে কৃষক বাছাইয়ে অনিয়মের অভিযোগে লটারির অনুষ্ঠান বর্জন করেছেন গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম ও তার লোকজন। অনুষ্ঠান থেকে বেরিয়ে এসে তার উপজেলা কৃষি অফিসারের বিরুদ্ধে শ্লোগান দিতে থাকেন ।

তবে কৃষি অফিসার বলছেন সময়ের অভাবে সঠিকভাবে কৃষক বাছাইয়ে কিছুটা অনিয়ম হয়েছে। এদিকে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সুষ্ঠু কৃষক বাছাইয়ের লক্ষে আগামী ১২ ডিসেম্বর পর্যন্ত লটারীর কার্যক্রম স্থগিত করা হয়েছে।

গাংনী উপজেলায় এ বছর সকারিভাবে কৃষকদের কাছ থেকে ১৬৮৮ মেঃ টন ধান ক্রয় করা হবে। কৃষিকার্ডের আওতাভুক্ত জনপ্রতি চাষির কাছ থেকে প্রতিকেজি ২৬ টাকা দরে একটন করে ধান ক্রয় করা হবে। মঙ্গলবার সকাল ১০ টার সময় উপজেলা পরিষদ হল রুমে কৃষক বাছাই কল্পে লটারি অনুষ্ঠানের আয়োজন করেন উপজেলা কৃষি অফিস ও উপজেলা খাদ্য অফিস।

অনুষ্ঠানের এক পর্যায়ে গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম অভিযোগ করেন, সরকারি নিয়মনীতি উপেক্ষা করে কৃষি অফিসার মনগড়া ভাবে অফিসে বসেই কৃষকদের নামের তালিকা প্রস্তত করেছেন।

প্রকৃত চাষিদের বাদ দেয়া হয়েছে। তালিকা নিয়ে অনুষ্ঠানে উপস্থিত অতিথীবৃন্দ ,স্থানীয় জনপ্রতিনিধি ও কৃষকদের তোপের মুখে পড়ে কৃষি অফিসার কে এম শাহাবুদ্দিন আহমেদ। বিভিন্ন কৃষক অনুষ্ঠানে উপস্থিত হয়ে তালিকা প্রস্তততে অনিয়ম নিয়ে প্রশ্ন তোলেন। বিভিন্ন প্রশ্নের সম্মুখীন হতে হয় কৃষি অফিসারকে।

এ ব্যাপারে কৃষি অফিসার কেএম শাহাবুদ্দীন জানান, সময়ের স্বল্পতার কারণে কৃষকের নামের তালিকা প্রস্তুতে কিছুটা অসঙ্গতি থাকতে পারে।

চলতি মাসের ১২ তারিখের মধ্যেই সঠিক তালিকা করা হবে। কেউ যেন কোন প্রশ্ন তুলতে না পারে সে ব্যপারে ব্লক সুপারভাইজারদের নির্দেশ দেয়া হয়েছে।

গাংনী উপজেলা খাদ্য অফিসার মোঃ খলিলুর রহমান বলেন, কৃষকদের তালিকা প্রস্ততের ব্যপারে খাদ্য অফিসের কোন হাত নেই,এব্যাপারে কৃষি অফিস কর্তৃক তালিকা করে থাকেন। সে তালিকা অনুযায়ী খাদ্যশস্য ক্রয় করা হয়।

উপজেলা খাদ্য শস্য সংগ্রহ কমিটির সভাপতি ও উন্মক্ত লটারি পরিচালনা অনুৃষ্ঠানের সভাপতি গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখতে এবং সকল আমন ধানচাষিকে তালিকাভুক্ত করনের লক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধিদের সহযোগীতায় নতুন করে তালিকা প্রস্ততের নির্দেশ দেয় কৃষি অফিসারকে।

আইনশৃখলা বজায় রাখার স্বার্থে আগামী ১২ ডিস্বের পর্যন্ত লটারি স্থাগিত করা হয়। আগামী ১২ ডিসেম্বর তারিখে উন্মক্ত লটারি হবে বলেন জানান লটারি অনুষ্ঠানের সভাপতি উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।এছাড়া কৃষি অফিসের ব্লক সুপার ভাইজারদের প্রতিটি কৃষকের বাড়ি বাড়ি গিয়ে স্বচ্ছ তালিকার প্রস্তত করনের নির্দেশ দেন।

উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক জানান, যেহেতু কৃষক তালিকা নিয়ে কিছু মতবিরোধ উঠেছে সেহেতু সঠিক তালিকা করে পুণরাই লটারি করা হবে।

মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, উপজেলা নির্বাহী অফিসার লটারি ১২ তারিখ পর্যন্ত বন্ধ করেছেন এতে আমার কোনো দ্বিমত নেই। আমিও চাই দু একদিন দেরি হলেও প্রকৃত কষকরা সরকারি মুল্যে তাদের উৎপাদিত ফসল বিক্রি করুক। এতে আমার এলাকার কৃষক উপকৃত হবে। উপজেলা নির্বাহী সার লটারি সাময়িক বন্ধ করে সঠিক সিদ্ধান্তই নিয়েছেন।

অনুষ্ঠানে গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ওবাইদুর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহম্মেদ,বামুন্দি ইউপি চেয়ারম্যান শাহিদুল ইসলাম উপস্থিত ছিলেন।

– আক্তারুজ্জামান,গাংনী

[redacted]

[redacted]

[redacted]

[

থেকে মোটরসাইকেল উদ্ধার

হেরপুর সদর উপজেলার বারাদী বাজারে অদূরবর্তী হাইটেক ফুড প্রোডাক্টস লিমিটেডের পরিত্যক্ত বিল্ডিং এর পার্শ্ববর্তী একটি ইপিল-ইপিল বাগান থেকে একটি মোটরসাইকেল উদ্ধার করেছে বারাদি ক্যাম্প পুলিশ।

জানা যায়, গতকাল সোমবার রাত আনুমানিক ৮ টার দিকে বারাদী বাজারের অদূরবর্তী হাইটেক ফুড লিমিটেডের পার্শ্ববর্তী একটি ইপিল-ইপিল বাগানে একটি মটর সাইকেল পড়ে থাকতে দেখে এক পথচারী বারাদী ক্যাম্প পুলিশকে খবর দেয়।

খবর পেয়ে বারাদি পুলিশ ক্যাম্প ইনচার্জ এসআই আব্বাস আলী সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থলে যান।

তিনি হাইটেক এলাকার ভিতরে খোঁজা খুজি করে কাউকে না পেয়ে পরে তিনি মোটরসাইকেলটি নিয়ে এসে ক্যাম্পে হেফাযতে রাখেন।

এ ব্যাপারে বারাদী ক্যাম্প ইনচার্জ এস আই আব্বাস আলী বলেন, ধারণা করা হচ্ছে কেউ হয়তো চোরাই গাড়ী এখানে ফেলে রেখে যেতে পারে, তাছাড়া কি কারণে গাড়ীটি ফেলে গেছে তা রহস্য জনক।

এলাকাবাসীর ধারণা, হাইটেক ফুডের ফ্যাক্টরিটি দীর্ঘদিন যাবৎ বন্ধ হয়ে থাকার কারণে এখানে আশে পাশে একটি জঙ্গলে পরিণত হয়েছে।

এখানকার গার্ডদের সহযোগিতায় ইতিপূর্বে অনেকেই বাহির থেকে মেয়েদের নিয়ে এসে অসামাজিক কার্যকলাপ করতো একটি চক্র।

লোকালয় থেকে দূরে হওয়ায় এটি অপরাধীদের একটি অভয়ারণ্যে পরিণত হয়।

দীর্ঘদিন থেকেই লোকচক্ষুর আড়ালে বা পুলিশের চোখ ফাঁকি দিয়ে এই ধরনের অপকর্ম করে আসছে।

গতকালকেও হয়তো কেউ এই ধরনের অসামাজিক কার্যকলাপ করতে এসে মানুষের উপস্থিতি টের পেয়ে মোটর সাইকেলটি ফেলে পালিয়ে যায় বলে ধারণা করা হয়।

মোটরসাইকেলটি বর্তমানে বারাদী পুলিশ ক্যাম্প হেফাজতে আছে। মোটরসাইকেলটির রেজিস্ট্রেশন নম্বর মেহেরপুর এ ১১-০০৪৯।

- বারাদী প্রতিনিধি

অন্ধ কিশোর হিমেলের চোখের আলো ফিরিয়ে পেতে আর্থিক সাহায্যের আকুতি

অর্থের অভাবে চোখের আলো নিভে যেতে বসেছে অন্ধ কিশোর হিমেলের।

বছর খানেক আগে ঘুমন্তাবস্থায় ঘরে অগ্নিকান্ডের ঘটনায় তার ডান চোখ টি অন্ধ হয়ে যায়।

ঢাকার একটি চক্ষু হাসপাতালে তিনবার অপারেশন করেও তার চোখের আলো ফিরে পাইনি।

অপর চোখটি দ্রুত অপারেশন করতে না পারলে সেটিও নষ্ট হয়ে যাবে বলে জানিয়েছেন বিশেষজ্ঞ চিকিৎসক।

একটি চোখ অপারেশন করতে লাগবে এক লাখ টাকা। এতো টাকা যোগাড় করা দিন মজুর পিতার সম্ভব না হওয়ায় তিলেতিলে কিশোর হিমেলকে অন্ধত্ব মেনে নিতে হচ্ছে।

হিমেল মেহেরপুর জেলার গাংনী উপজেলার কসবা গ্রামের হতদরিদ্র লাভলু হোসেনের ছেলে।

ও কসবা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর মেধাবী শিক্ষার্থী। হিমেল কে আর্থিক ভাবে সাহায্য করতে।

যোগাযোগে করুন, পিতাঃ- মোঃ লাভলু হোসেন, মাতাঃ- মোছাঃ কোহিনুর খতুন, বিকাশ নাম্বারঃ ০১৭০৭-১২৮২৯৫ ।

- গাংনী প্রতিনিধি